

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১১২

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১০৪, মদীনার ফয়েলাত

بَابِ فَضْلِ الْمَدِينَةِ

আরবী

حَدَّثَنَا بَكْرُ بْنُ خَلَفٍ، حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ، حَدَّثَنَا أَبِي، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنْ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَنِ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ يَمُوتَ بِالْمَدِينَةِ فَلْيَفْعَلْ فَإِنِّي أَشْهَدُ لِمَنْ مَاتَ بِهَا .

বাংলা

২/৩১১২। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম বলেছেনঃ তোমাদের মধ্যে কেউ যদি মদীনায় মৃত্যুবরণ করতে পারে, সে যেন তাই করে। কারণ যে ব্যক্তি এখানে মারা যাবে, আমি তার পক্ষে সাক্ষী হবো।

English

It was narrated from Ibn ‘Umar that the Messenger of Allah (ﷺ) said:
‘Whoever among you can die in Al-Madinah, let him do so, for I will bear witness in favor of those who die there.’

ফুটনোট

তিরমিয়ী ৩৯১৭, আত-তালীকুর রাগীব ২/১৪২, দিফা' আনিল হাদিস ১০৭।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মু'আয বিন হিশাম সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, আমি তার একটি মজলিসে ১৭ টি হাদিস ব্যাতিত তার থেকে কোন হাদিস গ্রহণ করিনি। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। ইয়াহইয়া বিন মাঝেন বলেন, তিনি সত্যবাদী তবে ছজাহ নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০৩৮, ২৮/১৩৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: [সহিহ \(Sahih\)](#) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44076>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন